

তারিখ: 25/06/2015

## আরবিআই 2005-পূর্ব সিরিজের ব্যাঙ্কনোট প্রত্যাহারের তারিখ বাড়িয়েছে

ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক জনসাধারণের জন্য তাঁদের 2005-পূর্ব সিরিজের ব্যাঙ্কনোট বদল করে নেওয়ার মেয়াদ বাড়িয়েছে ডিসেম্বর 31, 2015 পর্যন্ত। ডিসেম্বর 2014-তে জনসাধারণের জন্য এই নোট বদল করার শেষ দিন স্থির করা ছিল জুন 30, 2015.

উক্ত নোটগুলি প্রচলন থেকে প্রত্যাহার করে নেওয়ার জন্য জনসাধারণের কাছ থেকে সহযোগিতা প্রার্থনা করে, আরবিআই তাঁদের কাছে বিশেষভাবে আবেদন করছে পুরানো নকশার নোটগুলি তাঁদের ব্যাঙ্ক অ্যাকাউন্টে জমা করতে অথবা তাদের পক্ষে সুবিধাজনক কোন ব্যাঙ্কের শাখায় সেগুলি বদল করে নিতে। রিজার্ভ ব্যাঙ্ক জানিয়েছে যে নোটগুলি তাদের পুরো মূল্যেই বদল করা যাবে। পরিষ্কার করে আরও জানান হয়েছে যে এইসব নোটগুলি বৈধ টেন্ডার হিসেবেও বজায় থাকবে।

এই পদক্ষেপটি ব্যাখ্যা করতে গিয়ে রিজার্ভ ব্যাঙ্ক বলেছে যে মহাত্মা গান্ধী সিরিজের নোটগুলি এক দশক ধরে বাজারে চলছে। পুরানো নোটের অধিকাংশই বিভিন্ন ব্যাঙ্কের শাখার মাধ্যমে প্রত্যাহার করে নেওয়া হয়েছে। অতএব, স্থির করা হয়েছে পুরানো নকশার বাকি নোটগুলি বাজার থেকে তুলে নেওয়া হবে। রিজার্ভ ব্যাঙ্ক জানিয়েছে, একই সময়ে প্রচলনে নানান সিরিজের কারেন্সি নোট না থাকাটাই প্রামাণ্য আন্তর্জাতিক প্রথা।

এই প্রক্রিয়াটির ওপর রিজার্ভ ব্যাঙ্ক নজরদারি রাখবে এবং পদ্ধতিটির পর্যালোচনা করে চলবে যাতে সাধারণ মানুষ কোনভাবেই অসুবিধায় না পড়েন।

অম্বনা কিল্লাওয়াল  
প্রধান মুখ্য মহাপ্রবন্ধক

প্রেস বিজ্ঞপ্তি: 2014-2015/2751